

জেলা

রাজশাহী বিশ্ববিদ্যালয়

নারী সহপাঠীকে হলের কক্ষে নিয়ে যাওয়ায় ছাত্রের আসন বাতিল

প্রতিনিধি রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ২১ জুন ২০২৫, ১৫: ৫২



রাজশাহী বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ হবিবুর রহমান হলের কক্ষে রাতের বেলা এক নারী সহপাঠীকে নিয়ে যাওয়ায় এক ছাত্রের আসন বাতিল করা হয়েছে। ৪ জুন নারী সহপাঠীকে হলের কক্ষে নিয়ে যান ওই ছাত্র। এ বিষয়ে অভিযোগ পাওয়ার পর গত বৃহস্পতিবার ওই ছাত্রের আসন বাতিল করা হয়। আজ শনিবার বিষয়টি জানাজানির পর সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনা-সমালোচনা শুরু হয়।

বিষয়টি নিশ্চিত করে শহীদ হবিবুর রহমান হলের প্রাধ্যক্ষ মো. মোতাহার হোসেন প্রথম আলোকে বলেন, ঘটনাটি সত্য। হলের কয়েকজন শিক্ষার্থী এ ব্যাপারে অভিযোগ করেছিলেন। ওই শিক্ষার্থী বাড়িতে থাকায় জবাবদিহি করা যায়নি। পরে ক্যাম্পাস খোলার পর তাঁকে ডেকে জবাবদিহি করা হয়। তিনি ঘটনাটি স্বীকার করায় তাঁর আসন বাতিল করা হয়েছে। এ ছাড়া পরবর্তী ব্যবস্থা নিতে বিষয়টি বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা কমিটিকে বিষয়টি জানানো হয়েছে।

প্রত্যক্ষদর্শী হলের দুজন শিক্ষার্থী ও এক নিরাপত্তা প্রহরী বলেন, ৪ জুন ভোরে তাঁদের সামনে দিয়ে একজন শিক্ষার্থী একটি সাইকেল চালিয়ে হল থেকে বের হচ্ছিলেন। তাঁর সাইকেলের পেছনে একজন নারী বসে ছিলেন। তাঁর গায়ে শার্ট আর মাথায় ক্যাপ পরা ছিল। বিষয়টি অস্বাভাবিক লাগায় তাঁকে ধরার চেষ্টা করেও তাঁরা ব্যর্থ হন।

আসন বাতিল হওয়া শিক্ষার্থীর মুঠোফোনে যোগাযোগ করলে তিনি সংযোগ বিচ্ছিন্ন করে দেন। তবে তিনি কয়েকজন সাংবাদিককে বলেন, ৩ জুন তাঁর জন্মদিন ছিল। সেদিন জন্মদিন উদ্‌যাপন করতে গিয়ে রাত হয়ে যায়। অন্যদিকে তাঁর নারী সহপাঠীকে ঈদের ছুটির জন্য মেস থেকে ৩ তারিখের মধ্যে চলে যেতে বলা হয়। সহপাঠী মেসে যেতে পারবেন না বলে তাঁকে রাখার অনুরোধ করেন। পরে তাঁকে রাতে হলে নিয়ে আসেন। মূলত তাঁকে নিরাপত্তা দিতে তিনি হলে নিয়ে এসেছিলেন।

বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা উপকমিটির সভাপতি ও প্রক্টর মাহবুবুর রহমান প্রথম আলোকে বলেন, হল প্রশাসন মৌখিকভাবে ঘটনাটি জানিয়েছে। ইতিমধ্যে হল কর্তৃপক্ষ ঘটনাটি তদন্ত করেছে। প্রতিবেদন শিগগিরই জমা দেওয়ার কথা আছে। ঘটনা সত্য হলে শাস্তি নিশ্চিত করা হবে।

